Endeavour Education Excellence

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট

(বিআইসিএম)

প্রশাসন বিভাগ

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার (২য়) কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ড. মাহমুদা আক্তার<br>নির্বাহী প্রেসিডেন্ট |
| সভার তারিখ | ২০ মার্চ ২০২২, সোমবার |
| সভার সময় | সন্ধ্যা ৬:০০ ঘটিকা |
| স্থান | ইন্সটিটিউটের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সংযুক্ত |

বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা গত ২০ মার্চ ২০২৩ তারিখ, সোমবার, সন্ধ্যা ৬.০০ ঘটিকায় ইন্সটিটিউটের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় ড. মাহমুদা আক্তার, নির্বাহী প্রেসিডেন্ট সভাপতিত্ব করেন। পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) এর ২১তম এবং ২২তম ব্যাচের শিক্ষার্থীগণ সভায় অংশগ্রহণ করেন। শিক্ষার্থীদের পক্ষ হতে উক্ত প্রোগ্রাম আয়োজনের জন্য বিআইসিএম কর্তৃপক্ষকে ধন্যবাদ জানানো হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

উক্ত সভায় নিম্নোক্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়ঃ

| ক্রমিক নং | আলোচিত বিষয় | মতামত/সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | পিজিডিসিএম কোর্সের কুইজ পরীক্ষার মেইকআপ নেয়ার ব্যবস্থা গ্রহণ করা যায় কি না-এ বিষয়ে শিক্ষার্থীদের পক্ষ থেকে প্রস্তাব দেয়া হয়। | বর্তমান সেমিস্টারে আনুষ্ঠানিক কুইজের মেইকআপ নেয়ার সুযোগ নাই। তবে কোর্স শিক্ষকের এখতিয়ার রয়েছে বিবেচনা করার জন্য, এ ক্ষেত্রে ০৩টি কুইজ নেয়া যায় যার মধ্যে বেস্ট ০২টি নির্বাচন করা যেতে পারে। |
| ০২ | ক্লাসের সময় কমিয়ে আনার সুযোগ আছে কি না -এ বিষয়ে শিক্ষার্থীদের পক্ষ থেকে জানতে চাওয়া হয়। | প্রতিটি ক্লাসের নির্ধারিত ব্যাপ্তি হবে ৩ ঘন্টা। এক্ষেত্রে যথাযথ নিয়ম প্রতিপালন করতে শিক্ষকরা সচেষ্ট রয়েছেন। |
| ০৩ | অনলাইন ক্লাসগুলো অফলাইনে নেয়ার ব্যবস্থা করা | পিজিডিসিএম প্রোগ্রাম সমন্বয়ক কাশফীয়া শারমিন, সহকারী অধ্যাপক, বিআইসিএম কে অনলাইন ক্লাসগুলো অফলাইনে করার ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশ প্রদান করা হয়। একই সাথে জানানো হয় যে, সব ক্লাস অফলাইনেই সম্পন্ন হয়। অনিবার্যকারণবশত: ২২তম ব্যাচের বেসিক স্ট্যাটিসটিক্স (১০৩) কোর্সের ০৩টি অনলাইনে নেয়া হয়েছিল। এ ০৩টি ক্লাসের অফলাইনে রিভিশন এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ০৪ | বিআইসিএম এর এমএএফসিএম প্রোগ্রামের স্বীকৃতির ব্যবস্থা গ্রহণ করা | বিআইসিএম এর এমএএফসিএম প্রোগ্রামের স্বীকৃতির জন্য প্রচেষ্টা চলমান রয়েছে। সরকারের কাছে এ বিষয়ে প্রস্তাব পাঠানো হয়েছে যেখানে উল্লেখ রয়েছে যে, সিনিয়র পদগুলি যেমন ব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপক ইত্যাদি পদে পদোন্নতি বা নিয়োগের ক্ষেত্রে এমএএফসিএম সম্পন্নকারীদের কে অন্তর্ভুক্ত করা এবং নির্দিষ্ট নাম্বার যোগ করা। |
| ০৫ | পিজিডিসিএম প্রোগ্রামের শিক্ষার্থীদের জন্য পূর্ণাঙ্গ টেকনিক্যাল এনালাইসিএস কোর্স চালু করার উদ্যেগ গ্রহণ করা | পিজিডিসিএম প্রোগ্রামের শিক্ষার্থীদের মধ্যে যারা টেকনিক্যাল এনালাইসিএস কোর্স করতে ইচ্ছুক তাদেরকে আবেদন করার জন্য আহ্বান জানানো হয়। আবেদনের পরিপ্রেক্ষিতে অগ্রাধিকারভিত্তিতে এমএএফসিএম প্রোগ্রামের টেকনিক্যাল এনালাইসিএস কোর্সে ক্লাস করার সুযোগ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। |
| ০৬ | বয়সভিত্তিক শিক্ষার্থীদের আলাদা করে কিছু [যেমন সিলেবাস সংক্ষেপিত ইত্যাদি] সুবিধা দেয়া যায় কি না- এ বিষয়ে শিক্ষার্থীদের পক্ষ থেকে প্রস্তাব দেয়া হয়। | এ বিষয়ে পরবর্তীতে আলোচনা করা হবে বলে জানানো হয়। |
| ০৭ | ডি ২০২, ইনভেস্টমেন্ট ব্যাংকিং কোর্সের স্লাইড ক্লাসের ০২দিন পূর্বেই শিক্ষার্থীদের কে দেয়া | এ কোর্সটি নতুন বিধায় স্লাইড ০২দিন পূর্বে দেয়া সম্ভব হয়নি। তবে এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষককে অবগত করার বিষয়ে জানানো হয়। |
| ০৮ | বিআইসিএম এর সার্টিফিকেট কোর্স ফ্রি সম্পন্ন করা | শিক্ষার্থীদেরকে জানানো হয় যে, ইন্সটিটিউটে চলমান ব্যাচের সকল শিক্ষার্থীদের জন্য অনলাইনে অনুষ্ঠিত সার্টিফিকেট কোর্সসমূহের কোর্স ফি সম্পূর্ণ ফ্রি রয়েছে যা আগেই অবগত করা হয়েছে এবং আজকেও জানানো হলো। |

উল্লেখ্য যে, শিক্ষার্থীগণ উপরোক্ত বিষয়াদি ছাড়াও ফাইন্যান্সিয়েল মার্কেটস এন্ড ইন্সটিটিউশনস (ডি-১০১) এর ক্লাস এবং এর পরীক্ষা পদ্ধতি খুবই ভালো বলে উল্লেখ করেছেন। সকল শিক্ষকদের পড়ানো সিস্টেম ভালো, শিক্ষকগণ খুবই আন্তরিক, যখন কনসাল্টিং এর জন্য সময় চাওয়া হয় তখনি পাওয়া যায় যা খুবই ভালো লেগেছে শিক্ষার্থীদের কাছে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

Mahmuda Akter

ড. মাহমুদা আক্তার
নির্বাহী প্রেসিডেন্ট

স্মারক নম্বর: ৫৩.২২.০০০০.১০৩.১৬.০০১.২২.১৫২

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, প্রশাসন, শৃঙ্খলা ও সমন্বয় অনুবিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

২) পরিচালক (প্রশাসন ও অর্থ), প্রশাসন বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৩) উপসচিব , বিএসইসি ও বিআইসিএম শাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

৪) সহযোগী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৫) উপ-পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৬) সহকারী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৭) সহকারী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
৮) ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
৯) সহকারী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১০) সহকারী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১১) সহকারী অধ্যাপক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১২) ডেপুটি হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৩) প্রভাষক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৪) প্রভাষক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৫) প্রভাষক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৬) প্রভাষক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৭) প্রভাষক, অনুষদ বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৮) সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
১৯) সহকারী পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
২০) সহকারী হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)
[বিআইসিএম এর ওয়েবসাইটে নাগরিক সেবা বক্সে আপলোড করার জন্য]
২১) নির্বাহী প্রেসিডেন্ট এর একান্ত সচিব, নির্বাহী প্রেসিডেন্ট এর দপ্তর, বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

মজিবুর রহমান
সহকারী পরিচালক